

স্মারক নং: ০৫.৪৩.৬৯৬৩.০০০.২৫.০০১.২২.-০৪


তারিখ: ১৭ পৌষ ১৪২৯
০১ জানুয়ারি ২০২৩

বিজ্ঞপ্তি

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা প্রশাসন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নাটোর সদর, নাটোর এর আয়োজনে উপজেলা পর্যায়ে ২০ জন প্রশিক্ষণার্থীর সমন্বয়ে ২০ দিনব্যাপী ফ্রিল্যান্সিং (গ্রাফিক্স ডিজাইন) বিষয়ক একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে অংশ গ্রহণের জন্য নিম্নোক্ত শর্তাধীনে প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী:

- ১। শিক্ষাগত যোগ্যতা সর্বনিম্ন এইস.এস.সি পাশ বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
- ২। বেসিক আইসিটি, ইন্টারনেট ব্রাউজিং দক্ষতা এবং ফটোশপের দক্ষতাকে অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।
- ৩। ফ্রিল্যান্সিংকে পেশা হিসেবে গ্রহণে ইচ্ছুক প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।
- ৪। প্রশিক্ষণার্থীর অবশ্যই ল্যাপটপ এবং ইন্টারনেট মডেম থাকতে হবে।
- ৫। প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট প্রদান করা হবে।
- ৬। দূরবর্তী প্রশিক্ষণার্থীদের নিজ ব্যবস্থাপনায় থাকা-খাওয়ার ব্যবস্থা করতে হবে।
- ৭। আবেদনকারীকে ব্যক্তিগত মোবাইল নম্বর এবং স্বাক্ষরসহ আবেদনপত্র, সদ্য তোলা ১(এক) কপি পাসপোর্ট সাইজের রশ্মিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করে আগামী ০৪/০১/২০২৩ খ্রিস্টাব্দ তারিখে দুপুর ১২.০০টার মধ্যে উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয় নাটোর সদর, নাটোর এ হাতে হাতে প্রেরণ করতে হবে।
- ৮। মৌখিক পরীক্ষা আগামী ০৪/০১/২০২৩ খ্রিঃ তারিখ বিকাল ৩.৩০ টায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নাটোর সদর, নাটোরে অনুষ্ঠিত হবে। ফলাফল ০৪/০১/২০২৩ খ্রিঃ তারিখে বিকাল ৫.০০ ঘটিকায় জানানো হবে।
- ৯। প্রশিক্ষণ শুরু হবে আগামী ০৫/০১/২০২৩ তারিখ হতে।
- ১০। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো আবেদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন


শারমিনা সান্তার

উপজেলা নির্বাহী অফিসার
নাটোর সদর, নাটোর।

unonatore@mopa.gov.bd